

ভাল বীজের প্রয়োজনীয়তা

ভাল বীজ ব্যবহার করলে ধানের ফলন শতকরা ১০-১৫ ভাগ বেশি পাওয়া যায়। ভাল বীজ ব্যবহার করে একদিকে যেমন দরিদ্র কৃষকগণ আর্থিকভাবে লাভবান হতে পারেন তেমনি অন্যদিকে দেশের খাদ্যঘাটতি পূরণে তা বিরাট ভূমিকা রাখতে পারে। এছাড়া কৃষকের বীজের মান খারাপ হওয়ার কারণে তারা প্রয়োজনের তুলনায় বেশি পরিমাণে বীজ ব্যবহার করেন, এতে অনেক বীজের অপচয় হয়। ভাল বীজ ব্যবহারের মাধ্যমে এ অপচয় রোধ করা যায়।

ভাল বীজের বৈশিষ্ট্য

- ▶ বীজ পরিপুষ্ট হবে
- ▶ বীজ উজ্জ্বল বর্ণের
- ▶ বীজের শতকরা ৮০টি গজায়
- ▶ বীজ দ্রুত ও মোটামুটি একসঙ্গে গজায়
- ▶ বীজ দাঁতে কাটলে কটকট শব্দ হয়
- ▶ বীজে অন্য জাতের মিশাল নেই
- ▶ বীজে কোন দাগ নেই
- ▶ বীজের সাথে অপুষ্ট বীজ বা চিটা নেই
- ▶ বীজে গাছের কোন অংশ মিশাল নেই
- ▶ বীজে পোকাকার ছিদ্র নেই
- ▶ বীজের সাথে আঁকাবাঁকা বীজ নেই
- ▶ বীজের সাথে আগাছার বীজ নেই



ভাল বীজ



দাগযুক্ত খারাপ বীজ



আঁকাবাঁকা খারাপ বীজ



আগাছার বীজ মিশ্রিত খারাপ বীজ



পোকায় খাওয়া খারাপ বীজ